

ঈশ্বরগঞ্জে বইয়ের জন্য মাদ্রাসা শিক্ষার্থীদের বিক্ষোভ

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) সংবাদদাতা নতুন বছর শুরু হওয়ার ১২ দিন পরেও ঈশ্বরগঞ্জে ২০টি মাদ্রাসার শিক্ষার্থীরা বই পায়নি। সপ্তম থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীরা ষষ্ঠ সংখ্যক বই পেলেও ষষ্ঠ শ্রেণীর কোনো শিক্ষার্থী এখনও বই পায়নি। ২ জানুয়ারি সরকারিভাবে বই উৎসবের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হলেও এ উপজেলার শিক্ষার্থীরা তা থেকে বঞ্চিত হয়েছে। বই সংকটের কারণে নতুন বই শিক্ষার্থীদের না দেওয়ায় বিপাকে পড়েছেন মাদ্রাসার শিক্ষকরা। বই না পেয়ে রোববার কয়েকটি মাদ্রাসায় বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা।

উপজেলায় মাদ্রাসা বোর্ডের অধীনে ২০টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। জানুয়ারির প্রথম সপ্তাহ পার হয়ে গেলেও এখনও শিক্ষার্থীরা নতুন বই না পাওয়ায় শিক্ষা কার্যক্রম শুরু করা যাচ্ছে না ওই মাদ্রাসাগুলোতে। উপজেলার ২০টি মাদ্রাসায় প্রথম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত চাহিদা মোতাবেক বই দেওয়া গেলে বাকি ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত ১ লাখ ১০ হাজার ৫২৫টি বইয়ের মধ্যে পাওয়া গেছে মাত্র ৪০ হাজার ৬০০টি বই।